

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশিক্ষণ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.২৫.০০৫.১৮.১৯৮

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৫

২৫ জুন ২০১৮

বিষয়: "14th FICCI Higher Education Summit 2018" at New Delhi, India.

সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ হাই কমিশন, নতুন দিল্লী-এর স্মারক নং-Inf.3/3/2017/F.F/183, Date: 18 May 2018.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/১০/২০১৮ হতে ০১/১১/২০১৮ তারিখ পর্যন্ত ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠেয় "14th Edition of International Summit on Higher Education"-এ প্রতিনিধিদল গঠনের জন্য শিক্ষাক্ষেত্রে ১৫-২০ জন প্রতিনিধির নাম ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে Federation of Indian chambers of Commerce and Industry (FICCI), India, বাংলাদেশ হাই কমিশন, নয়াদিল্লী, ইন্ডিয়াকে সুপারিশ করার জন্য অনুরোধ করেছে। এদের মধ্য থেকে Reverse Buyer Seller Meet এর জন্য ১০-১২ জন প্রতিনিধিকে আয়োজনকারী সংস্থা FICCI আমন্ত্রণ জানাবে। পত্রে বাংলাদেশের নয়াদিল্লীস্থ হাই কমিশনকে নিম্নোক্ত ক্ষেত্রের প্রতিনিধির নাম সুপারিশ করার জন্য বলা হয়েছে:

- ১। বিশ্ববিদ্যালয় অথবা প্রতিষ্ঠানের চ্যান্সেলর/ভাইস চ্যান্সেলর/ডিন;
- ২। বিশ্ববিদ্যালয় অথবা প্রতিষ্ঠানের পরিচালক/প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট;
- ৩। শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা;
- ৪। বৃহত্তম শিক্ষা সংগঠনের সভাপতি/সেক্রেটারী;
- ৫। শিক্ষা বিষয়ে কাজ করে এমন সাংবাদিক;
- ৬। সরকারি অনুদানপ্রাপ্ত বিদেশে ছাত্র ভর্তি করে এমন এজেন্ট; এবং
- ৭। শিক্ষা পরামর্শক।

উক্ত Summit এর একটি অংশ Reverse Buyer Seller Meet (RBSM) এ অংশগ্রহণকারী আমন্ত্রিত প্রতিনিধিগণ বিমান টিকেট (সর্বোচ্চ ১০০০ ডলার), ৩ রাত্রির আবাসন এবং অন্যান্য প্রয়োজনীয় সুযোগসুবিধা প্রদান করবে। তবে প্রত্যেক ক্যাটাগরির ১ জন উক্ত সুবিধা প্রাপ্ত হবেন (বিস্তারিত সংযুক্ত পত্রে)।

এমতাবস্থায়, আগামী ৩০/১০/২০১৮ হতে ০১/১১/২০১৮ তারিখ পর্যন্ত ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠেয় "14th Edition of International Summit on Higher Education"-এ অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের বর্ণিত ক্যাটাগরি উল্লেখপূর্বক সংযুক্ত ছক মোতাবেক আগামী ২৭/৬/২০১৮ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

Sl.	Title	Name	Surname	Designation	Organisation	Office Phone#	Mobile#	Email	Website	Category

২৫-৬-২০১৮

মোঃ ওয়াহেদুর রহমান  
উপসচিব

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সংস্থাসমূহ

ফোন: ৯৫৪৫৬৬৬

ইমেইল:

moe.trainingsection@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.২৫.০০৫.১৮.১৯৮/১(২)

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৫  
২৫ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)



২৫-৬-২০১৮

মোঃ ওয়াহেদুর রহমান  
উপসচিব